দৈনিক ইত্তেফাক

তারিখ 28 NOV 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# চট্টগ্রাম ভার্সিটিতে ধর্মঘট অব্যাহত

চট্টগ্রাম অফিস ।। সর্বদলীয় ছাত্রঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার এক জরুরী সভা গতকাল (বুধবার) সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট নগর কার্যালয়ে নাজমুল করিম

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(১ম পৃঃ পর)

দুলালের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন চাকসু ভিপি নাজিমউদ্দিন, জি, এস, আজিম উদ্দিন, ফখরুল ইসলাম প্রমুখ। সভায় নেতৃবৃন্দ বলেন, দীর্ঘদিন ধরিয়া শিবিরের সন্ত্রাসের মুখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জিম্মি হইয়া পড়িয়াছে। হলসমূহে কেবল শিবিরের কর্মীরা অবস্থান করিতেছে। নেতৃবৃন্দ ক্ষোভ প্রকাশ করিয়া বলেন, সরকার বর্তমান অবস্থার উত্তরণের কোন চেষ্টা না করিয়া '৭৩ অধ্যাদেশ লংঘনের মাধ্যমে ভিসি অপসারণের ষড়যন্ত্র করিতেছে। নেতৃবৃন্দ এই ষড়যন্ত্রের প্রতি কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেন।

অপরদিকে সর্বদলীয় ছাত্র ঐক্যের আহবানে গতকাল (বুধবার) পঞ্চমদিনের মত বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়। ছাত্র ধর্মঘট চলাকালে ক্যাম্পাস অভিমুখে এবং ক্যাম্পাসের ভিতর কোন যানবাহন চলাচল করে নাই। ছাত্রঐক্যের পৃথক এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের বেতনের সুবিধার্থে আজ (বৃহস্পতিবার) হইতে বিশ্ববিদ্যালয়ের অফিস ধর্মঘটের আওতা বহির্ভুত থাকিবে।

### ছাত্রদল

গতকাল (বুধবার) জাতীয়তাবাদী ছাত্রদল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার এক জরুরী সভা ভবনস্থ বি,এন.পি কার্যালয়ে শাখা সভাপতি ইফতেখার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন রফিকুল ইসলাম মাহবুবুর রহমান শামীম, মঈনুল ইসলাম মুন্না, সালাহউদ্দিন মোং রেজা প্রমুখ,। সভায় নেতৃবৃন্দ বলেন, সরকার বিশ্ববিদ্যালয়ে প্রশাসনকে সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করিলে ছাত্রদল ছাত্র ছাত্রীদের স্বার্থে বৃহত্তর কর্মসূচী ঘোষণা করিবে।

### ছাত্র শিবির

চট্টগ্রাম মহানগর ইসলামী ছাত্র শিবিরের আহ্বানে গতকাল (বুধবার) চট্টগ্রামের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়।

### শিক্ষক সমিতি (ইউসুফ-আজাদ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (ইউসুফ শরীফ-ডঃ আবুল কালাম আজাদ) গতকাল (বুধবার) এক প্রেস বিজ্ঞপ্তিতে গত মঙ্গলবার দৈনিক ইত্তেফাকে প্রকাশিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ধর্মঘট শীর্ষক সংবাদে ক্ষোভ প্রকাশ করিয়াছে। বিজ্ঞপ্তিতে বলা হয়; "আদালত হইতে শো-কজ নোটিশপ্রাপ্ত স্বঘোষিত শিক্ষক সমিতির নামে কতিপয় শিক্ষক" চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে অচল করিয়া দেয়ার পাঁয়তারা চালাইতেছে।